দৈনিক খবর

29 NOV 1993

পৃষ্ঠা ... কলাম ...

# সরকারী কলেজে অনার্স ও মাস্টারস ডিগ্রী চালু হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার কলেজ শিক্ষার আধুনিকীকরণের লক্ষ্যে দেশের সরকারী কলেজগুলোতে অনার্স ও মাস্টার্স ডিগ্রী কোর্স চালু করছে। শিক্ষামন্ত্রী শনিবার সিরাজগঞ্জ-এর ইসলামিয়া সরকারী কলেজের নতুন একাডেমিক ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

অনুষ্ঠানে সংসদ সদস্য মীর্জা মুরাদুজ্জামান ও শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব একরামুল্লাহ চৌধুরী উপস্থিত ছিলেন। কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ খান বাহাদুর ওয়াহেদুল্লাহ চৌধুরী স্মরণে ৩৫ লাখ টাকা ব্যয়ে এ ভবন নির্মাণ করা হবে।—তথ্যবিবরণী।